

রূপালী ব্যাংক লিমিটেড
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা
আরবিটিআই সহ প্রধান কার্যালয়ের
সকল বিভাগের প্রতি :

সার্কুলার নং : প্রকা/উন্নয়ন/২০১০/১৪
তারিখ : ২৪-০১-২০১০ ইং

বিষয়ঃ কৃষকের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতিবিভাগ ১৭-০১-২০১০ইং তারিখের বিআরপিডি সার্কুলার নং-০১ এর মাধ্যমে কৃষকের ব্যাংক হিসাব খোলার বিষয়ে যে নির্দেশনা দেয়া হয়েছে তা নিম্নে হুবহু উদ্ধৃত করা হলো।

“অর্থনৈতিক কর্মকাণ্ডে কৃষকের গুরুত্বপূর্ণ ভূমিকা বিবেচনায় কৃষকের অনুকূলে ব্যাংকিং সেবা/সহায়তা বৃদ্ধি ও সহজীকরণ করা আবশ্যিক। বিশেষত কৃষি কর্মকাণ্ডে সরকারী সহায়তার অংশ হিসেবে সরকার প্রদত্ত বিভিন্ন ভর্তুকী ব্যাংকের মাধ্যমে সহজে প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন কার্ড ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত কৃষি উপকরণ সহায়তা কার্ড এর বিপরীতে যেকোন কৃষক ব্যাংকে আমানত হিসাব খুলতে পারবে। এরূপ হিসাব নগদ ১০/- টাকা জমা গ্রহণপূর্বক খোলা যাবে। উক্ত হিসাবে ন্যূনতম স্থিতি রাখার কোন ব্যধ্যবাধকতা আরোপ করা যাবে না এবং এ সকল হিসাব হতে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

অর্থনৈতিক কর্মকাণ্ডে কৃষকের যথাযথ অবদান রাখার সুযোগ সৃষ্টির লক্ষ্যে সর্বোত্তম ব্যাংকিং সেবা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।”

বাংলাদেশ ব্যাংকের বর্ণিত সার্কুলারের নির্দেশানুযায়ী যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপককে পরামর্শ দেয়া হলো।

(আবু মোঃ ছায়েদুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

(মোঃ এনামুল ইসলাম খান)
মহাব্যবস্থাপক